# উপজেলা পরিষদের অক্টোবর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব শেখ আকরাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময়ঃ ১৩-১০-২০২২খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সেপ্টেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এর পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষে ফুলতলা উপজেলায় ১ম পর্যায়ে ৪০ জন, ২য় পর্যায়ে ০৬ জন এবং ৩য় পর্যায়ে ১ম ধাপে ০৪ জন ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবারকে ০২ শতাংশ খাস জমিতে সরকারি খরচে মোট ৫০ টি ঘর নির্মাণ করে হস্তান্তরপূর্বক পূর্নবাসন করা হয়েছে। এছাড়া তৃতীয় পর্যায়ে ২য় ধাপে ৭৭ জন ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবার পূর্নবাসনের জন্য ফুলতলা উপজেলার ফুলতলা ইউনিয়নের দক্ষিণডিহি মৌজায় ১৬০ শতক জমি ক্রয়পূর্বক ৭৭ টি ঘর নির্মাণ করে তাদেরকে পূর্নবাসন করা হয়েছে। তিনি জানান মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্লোগান বঙ্গবন্ধুর বাংলায় আর একটি লোকও ভূমিহীন ও গৃহহীন থাকবে না বাস্তবায়নের লক্ষ্যে পুনরায় ফুলতলা উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের চূড়ান্ত তালিকা চাওয়া হয়। ফুলতলা উপজেলার ০৪ টি ইউনিয়ন থেকে জনপ্রতিনিধী, রাজনৈতিক ব্যক্তি ও সুশিল সমাজের মাধ্যমে ৩০০ জন পরিবারের নামের তালিকা পাওয়া যায়। ৩০০ টি পরিবারের তালিকা ইউনিয়ন কমিটি ও উপজেলা ট্যাক্সফোর্স কমিটির মাধ্যম্যে যাচাই বাছাই করে ১২৫ জন্য প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুর্নবাসনের জন্য চূড়ান্ত করা হয়েছে। তিনি জানান দ্রুত আমরা আমাদের ক্রয়কৃত সম্পত্তিতে মাননীয় প্রধান মন্ত্রীর অভিপ্রেত আশ্রায়নের ঘরের কাজ শুরু করব, তিনি এব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং নিয়মিত মোবাইলকোর্ট পরিচালনা অব্যাহত আছে। | খ) বিস্তারিত আলোচনান্তে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা স্লোগান বঙ্গবন্ধুর বাংলায় আর একটি লোকও ভূমিহীন ও গৃহহীন থাকবে না বাস্তবায়নের লক্ষ্যে ৪র্থ পর্যায়ে আরও ১২৫ টি ঘরের তালিকা চূড়ান্ত করা হয়েছে এবং তাদের জন্য জমি ক্রয় করা হয়েছে সেখানে দ্রুততার সাথে ঘর নির্মাণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান বর্তমানে করোনা ভাইরাস এর নতুন ধরন দেখা দিচ্ছে কিন্তু ফুলতলা উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে এখনও পর্যন্ত কোন নতুন রোগী পাওয়া যায়নি। তিনি সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস প্রতিরোধের জন্য বুষ্টার ডোজ ভ্যাক্সিন দেয়ার কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান বর্তমানে ডেঙ্গু মশার উপদ্রব দেখা দিয়েছে। তিনি গত জুলাই ২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভায় এবিষয়ে মশা নিধনের জন্য ০১ টি বড় ও ০১ টি ছোট ফগার মেশিন ক্রয়ের প্রস্তাব করেছিলেন। তিনি তার দপ্তরের জন্য কুকুরে কামড়ানো ভ্যাকসিন ও অপারেশন টিয়েটারের জন্য ০১ টি ১৬০০ ভি এ হাই ভোল্টেজ ক্ষমতা সম্পন্ন আইপিএস ক্রয়ের ও প্রস্তাব করেছিলেন। তিনি এই ০৩ টি প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য সভায় আবারও প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান প্রকল্প ০৩ টি যেহেতু গত জুলাই ২০২২ মাসের সভায় গ্রহন করা হয়েছে সেহেতু জরুরী ভিত্তিতে তা বাস্তবায়ন করা প্রয়োজন। তিনি প্রকল্প ০৩ টি দ্রুত বাস্তবায়নের উপজেলা প্রকৌশলী অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানান। এছাড়া হাসপাতালের অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প ০৩ টি প্রাক্কলনসহ তা বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ফুলতলা উপজেলায় সেপ্টেম্বর ২০২২ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ২৮৪২১ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ২২৬৫৭ জন, গ্রহণকারীর হার ৭৯.৭২%, স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর হার ০৯%, আইইউডি গ্রহণকারীর হার ১৭%, ইমপ্লানন গ্রহণকারীর হার ৪৬%, ইনজেক্টেবলস ৭৬৭ জন। মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৭২১ জন, সেপ্টেম্বর ২০২২ মাসে বাচ্চা ডেলিভারী সংখ্যা ১২৮ জন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আরও জানান যে, পরিবার পরিকল্পনা স্থায়ী পদ্ধতি গ্রহণে প্রতিবারের ন্যায় এবার ও প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং তা বাস্তবায়ন ও করা হয়েছে। এছাড়া পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন প্রজনন স্বাস্থ্য সেবা সহ সকল স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিঃপরিঃকর্মকর্তা |
| ৪ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলাতে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আধুনিক জাতের ও প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়নের জন্য চলতি মাসে ৬০ জন কৃষক/কৃষাণীর প্রশিক্ষন সমাপ্ত করা হয়েছে। এর ফলে এলাকায় নতুন জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। মাঠে সবজি ফসলের আবাদ ও উৎপাদন বেড়েছে ৩০% যার ফলে স্থানীয় হাট বাজারে নতুন নতুন সবজিতে ভরপুর। সাধরন জনগনের ক্রয় ক্ষমতার মধ্যে থাকায় জনসাধারন | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা প্রয়োজনীয় | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চাহিদার অতিরিক্ত সবজি খেতে পারছে। সবজি ফসলের হাইব্রিড জাতের আবাদ প্রায় ৮০% বৃদ্ধি পাওয়ায় উৎপাদন বেড়েছে প্রায় ৩-৪ গুন। তিনি জানান এবছরে সরকারের প্রণোদনা কর্মসূচীর আওতায় ৩০০ বিঘা জমির প্রণোদনার জন্য ৩০০ জন ক্ষুদ্র প্রান্তিক চাষীদের মধ্যে বিনা মূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে এবং প্রনোদনার মাঠে প্রযুক্তিগতভাবে বাস্তবায়ন হয়েছে। মাঠে বাস্তবায়িত কর্মসূচীর ফসলের আবাদ ও উৎপাদন বেড়েছে সন্তোষজনক হারে। তিনি জানান মাটির স্বাস্থ্য রক্ষায় জৈব সার (ভার্মি কম্পোষ্ট,খামারজাত সার) এর উৎপাদন দিন দিন বাড়ছে। ফুলতলায় ভার্মি/কেচোসারের ব্যাপক উৎপাদন হচ্ছে। তিনি জানান অত্র উপজেলায় সার ও কীটনাশক এবং অন্যান্য কৃষি পন্যের মজুদ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। কৃষি আবহাওয়া ও পরিস্থিতিতি স্বাভাবিক থাকলে অত্র উপজেলা ফসল আবাদ ও উৎপাদনে একটি সমৃদ্ধশালী উপজেলা হিসাবে পরিচিতি পাবে বলে আশা করা যায়। এছাড়া অত্র দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরের রাজস্ব বরাদ্দের আওতায় জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের নিমিত্তে অত্র উপজেলায় ৭০ জন জেলের তালিকা উপজেলা কমিটি কর্তৃক চুড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। এছাড়া তিনি জানান যে, গত ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল কার্যক্রম শতভাব সম্পন্ন হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, গত ২৬ শে জুলাই ২০২২ তারিকে ফুলতলা উপজেলা মৎস্য অীফসের উদ্যোগে উপজেলা প্রশাসন এবং থানা পুলিশের সহযোগিতায় অবৈধ জালের বিরুদ্ধে জামিরা বাজারে অভিযান পরিচালনা করা হয় এবং মোবাইল কোর্টের মাধ্যমে একজন ব্যবসায়ীকে ৫,০০০/= টাকা জরিমানাসহ প্রায় ১০,০০০ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দপূর্বক তা বিনষ্ট করা হয়। তিনি জানান নিয়মিত কারেন্ট জালের উপর মোবাইলকোর্ট পরিচালনা অব্যাহত আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা মৎস্য কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান তার দপ্তের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আগষ্ট ২০২২ মাসে ২,৩৮৫ টি গবাদী পশু ও ৩৯,০৫০ টি হাঁস-মুরগীর রোগ প্রতিশেধক টিকা প্রদান করা হয়েছে। ১৫৫০ টি গবাদিপশু ও ১০৪৮০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৮০ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে এঁড়ে ১১০ টি এবং বকনা ৭৫ টি বাচ্চা উৎপাদন করা হয়েছে। সেপ্টেম্বর ২০২২ মাসে টিকা বিক্রি এবং কৃত্তিম প্রজোনন ফি বাবদ মোট = ১৭,৮৯৫/= টাকা রাজস্ব আদায় হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে টি-আর, কাবিখা এবং সকল কার্যক্রম যথাসময়ে শেষ করতে পেরেছি। চলতি ২০২২-২৩ অর্থ বছরে টি-আর কাবিখার বরাদ্দ পাওয়া গেছে এবং তা বিভাজন করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে এবং সাথে সাথে অনুমোদন সাপেক্ষে কাজ শুরু করা হয়েছে। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, অত্র কার্যালয়ে সকল ভাতাভোগীর কার্যক্রম চলমান রয়েছে। অত্র দপ্তরের ঋণ আদায়ের হার সন্তোষজনক, ভাতাভোগীদের সমস্যাজনিত নম্বর গুলো সংশোধন করা হয়। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নেরবিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ই-প্রাইমারিতে প্রদানকৃত শিক্ষকদের তথ্য যাচাই ও পরিবর্তন। IPEMIS, সার্ভারে সকল বিদ্যালয় এবং শিক্ষকদের তথ্য এন্ট্রি। PIPMIS সার্ভারে সকল বিদ্যালয়ের ছবি আপলোড। শিশুদের উপবৃত্তির জন্য ডাটা এন্ট্রি, ডাটা যাচাই ও অনুমোদন। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয়ের এন্ট্রিকৃত শুমারী তথ্য এবং শিক্ষকদের তথ্য যাচাই ও অনুমোদন। সকল শিক্ষকদের GPF কর্তন এন্ট্রি করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নেরবিষয়ে উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ফুলতলা উপজেলার ০৪ টি ইউনিয়নে ভিজিডি উপকারভোগীর সংখ্যা মোট ২৩০৫ জন, ফুলতলা ইউনিয়নে ০১ জন ভাতাভোগী মৃতুবরণ করায় ভিজিডির উপকারভোগীর সংখ্যা এখন ২৩০৪ জন। ০৪ টি ইউনিয়নে উপকারভোগীদের মাঝে প্রতি মাসে ৩০ কেজি প্যাকেটজাত চাল বিতরণে কার্যক্রম চলমান আছে। তিনি জানান উপজেলায় মোট মাতৃত্বকালীন ভাতাভোগীর সংখ্যা ৫৮০ জন চলমান। প্রতিজন উপকারভোগী মাসে ৮০০/=টাকা যা উপকারভোগীদের স্ব স্ব হিসাবে স্থানান্তরিত হয়। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে এ মাসে ১০ টি উঠান বৈঠক করা হয়েছে। তিনি জানান উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষন প্রকল্প ০২ টি ব্যাচে ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং (২৫+২৫) মোট= ৫০ জনের প্রশিক্ষন চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্তগৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুবউন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কাযক্রম স্বাভাবিকভাবে চলছে। অপ্রাতিষ্ঠানিক ৩৪ টি ট্রেডে ও স্থানীয় চাহিদা মোতাবেক প্রশিক্ষন দেওয়া হয়। এছাড়াও আমাদের জেলা যুব প্রশিক্ষন কেন্দ্রে ৩/৬ মাসের ও ১ বছরের বিভিন্ন মেয়াদে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন দেয়া হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে ব্যক্তিগত ঋণ প্রদান করা হয় ৪০,০০০-১,০০,০০০/= টাকা পর্যন্ত এবং উদ্যেক্তা ঋণ ৩,০০,০০০-১,০০,০০০/=টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। পরিবার ভিত্তিক কর্মসূচীতে পরিবারের ৩/৫ জন ঋণ নিতে পারে। ০৫ জন সদস্যের সমন্বয়ে ১০ টি গ্রুপ করে এ কর্মসূচীতে এক সাথে ৫০ জনকে ঋণ প্রদান করা যায়। প্রতিমাসে ০৭ জনকে কর্মসৃজনে সহযোগিতা করা হয়। ক্লাব সংগঠনের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ পাওয়া গেছে এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহন করার জন্য প্রস্তাব করা হয়েছে। তিনি সকল জনপ্রতিনিধী ও অফিসারবৃন্দকে দুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ পাওয়া গেছে এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রাপ্ত বরাদ্দের আলোকে যে প্রকল্প চাওয়া হয়েছে তা দ্রুত দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৩য় পর্ব) পানির উৎস স্থাপন কার্য চলমান। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্ব) ১০৪ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। পিইডিপি-৪: এই প্রকল্পের আওতায় ০৫ টি ওয়াশব্লক এর কাজ ও ০৯ টি পানির উৎস স্থাপন কাজ চলমান। কমিউনিটি বেজ টিউবওয়েল এর দরপত্র আহব্বাহ কার্যাদেশ সম্পন্ন হয়েছে। তিনি জানান মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন-২ প্রকল্পের ফুলতলা উপজেলার ভূমিহীনদের ঘরের স্থানে মোট ১৮ টি টিউবয়েল বরাদ্দ পাওয়া গেছে তার মধ্যে ১০ টি টিউবয়েলের কাজ সম্পন্ন হয়েছ। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ২০২১-২২ সালে নিবন্ধন প্রাপ্ত ০৮ টি অকার্যকর ( নিস্ক্রিয়) সমবায় সমিতি ব্যতিরেকে মোট ৭৪ টি প্রাথমিক সমবায় সমিতির ২০২০-২১ সমবায় বর্ষের বার্ষিক নিরীক্ষা বরাদ্দ এবং নিরিক্ষা কার্যক্রম শুরু হয়েছে, যা বিধি মোতাবেক আগামী ৩১ মার্চ ২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে শতভাগ সম্পাদন করতে হবে। এছাড়া ২০২০-২১ সালের ধার্যকৃত নিরীক্ষা ফি (অডিট ফি) যা সরকারী রাজস্ব প্রাথমিক (সাধারন) ৫৫,৩১০/=টাকা এবং কেন্দ্রীয় (পউব) ১৮,৫২০/= টাকা সহ মোট ৭৩,৮৩০/= টাকা ১০০% আদায় সম্পন্ন হয়েছে। এছাড়া ২০২০-২১ সালের ধার্যকৃত সমবায় সমিতির নীট লাভ হতে সৃষ্ঠ ৩% সমবায় উন্নয়ন তহবিল এর পরিমাণ প্রাথমিক (সাধারন ১৬,৫০৬/= টাকা ও কেন্দ্রীয় (পউব) ৫,৫৫৪/=টাকা সহ মোট ২২,০৬০/=টাকা ৩০ শে জুন ২০২২ খ্রি. তারিখের মধ্যে ১০০% আদায় সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা সমবায় অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, পল্লী উন্নয়ন দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান তার দপ্তরের ঋণ আদায়ের হার সন্তুষ্টিজনক বর্তমানে কিছু সার্টিফিকেট মামলা পূর্বে দেয়া ছিল সেগুলো পুনরায় তাগাদা দিলে খেলাপী ঋণ আদায়ে সহায়ক হবে। নতুন কিছু সার্টিফিকেট মামলা দেবার জন্য প্রস্তুতি চলছে। অত্র দপ্তরে ৮০ জন সুফল ভোগীদের আইজিএ ভিত্তিক প্রক্ষিক্ষন প্রদান করা হয়েছে। তিনি জানান সরকারী পাওনা ঋণ আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও পরিষদের সহযোগিতায় প্রশংশনীয়। সরকারী পাওনা আদায়ে অত্র দপ্তরের জোরালো প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান করাত কলের উপর নিয়মিত মোবাইলকোট পরিচালনা অব্যাহত আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা বন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় ১৫৫১৫ জন শিক্ষার্থীর মধ্যে ১৫২৪০ জন শিক্ষার্থীকে কোভিড -১৯ এর ২য় ডোজ ভ্যাকসিন দেয়া হয়েছে এবং সকল শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন সম্পন্নপূর্বক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরনের কাজ চলমান রয়েছে। তিনি জানান সকল শিক্ষার্থীর ইউনিক আইডির কাজ ও চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা পরিষদ | ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত ১০ জন আনসার নিয়োগ করা হয়েছে। তারা বর্তমানে পুরাতন জেলখানাতে আছে। তাদের থাকার জন্য সরকার ব্রাক নির্মাণের নির্দেশনা দিয়েছেন । তিনি আনসার ব্রাক নির্মাণের বিষয়ে জায়গা নির্বাচনের জন্য সভায় প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান উপজেলা চেয়ারম্যান মহোদয়, জনপ্রতিনিধীবৃন্দ ও অফিসারবৃন্দ সকলে আমরা সরেজমিনে যেয়ে দেখে বুঝে জায়গা নির্বাচন করব। তার প্রস্তাবকে সকলে স্বাগত জানান।<br><br>খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় আরও জানান যে, উপজেলা পরিষদে প্রায় সময় দেখা যায় বিভিন্ন অফিসে ভাংচুর ও চুরি সংঘঠিত হয়ে চলেছে। উপজেলা পরিষদের সীমানা প্রাচীর না থাকায় এই সকল দুর্ঘটনা সংঘঠিত হচ্ছে। তিনি উপজেলা পরিষদের সীমানা প্রাচীর অর্থাৎ বাউন্ডারী ওয়াল নির্মাণের বিষয়ে সভায় সকলের মতামত জানতে চান। সভায় উপস্থিত সকলে পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে একমত পোষন করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান সীমানা প্রাচীর নির্মাণের জন্য আমাদেরকে মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। তিনি জানান ইতোপূর্বে আমরা উপজেলা পরিষদের সামনে থেকে সীমানা প্রাচীর নির্মাণের জন্য্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকাতে পত্র প্রেরন করেছিলাম কিন্তু অনুমোদন পায়নি সেক্ষেত্রে আমরা পুনরায় নতুন রেড সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করে পত্র প্রেরন করতে পারি। তিনি উপজেলা প্রকৌশলীকে উপজেলা পরিষদের সামনের অংশের প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় অনুরোধ জানান। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহ অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের ব্রাক নির্মার্ণের বিষয়ে জায়গা নির্বাচনের জন্য উপজেলা নির্বাহী অফিসার জানান উপজেলা চেয়ারম্যান মহোদয়, জনপ্রতিনিধীবৃন্দ ও অফিসারবৃন্দ সকলে সরেজমিনের যেয়ে দেখে বুঝে নির্বাচন করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।<br>খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সামনের অংশের সিমানা প্রাচীর নির্মাণের বিষয়ে পত্র প্রেরনের জন্য উপজেলা প্রকৌশলী আগামী সভায় প্রাক্কলন উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ ও উপজেলা প্রকৌশলী |
| ১৯ | আমার বাড়ি আমার খামার | আমার বাড়ি আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার দপ্তরের ঋন কার্যক্রম চলমান আছে। ঋন আদায়ের হার সন্তোষজনক। খেলাপী ঋণ আদায়ে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকলক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা সমন্বয়কারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি অর্থ বছরের জুন মাসে খাদ্য মজুদ আছে বরো সিদ্ধ চাল মজুদ নাই, আমন সিদ্ধ চাল ১৪৩৫.৬১৫ মে: টন। আমদানীকৃত সিদ্ধ চাল নাই, বরো আমদানীকৃত সিদ্ধ চাল ১৩৮৩.৭৫০ মে:টন সর্ব মোট ২৮১৯.৩৬৫ মে:টন। ধান বরো ২০২২ ৬৫১.০০০ মে:টন, গম আমদানীকৃত ৪.৩৪৮ মে:টন । জুন মাসে তার স্টোর রুমে খালি বস্তা আছে ৫০ কেজি ৬৬৮৭ টি এবং ৩০ কেজির বস্তা ২.৮২,৬৯৮ টি মোট ২.৮৯,৩৮৫ টি । জুন ২০২২ মাসে তার দপ্তরে কোন এগ্রিফস ট্যাবলেট ও প্রিমিফস মিথাইল নাই। চলতি অর্থ বছরের জুন ২০২২ মাসে সিদ্ধ চাল সংগ্রহের লক্ষমাত্রা ছিল ৭১০৪ মে:টন সংগ্রহ হয়েছে ১৩৮৩.৭৫০ মে:টন আবশিষ্ট আছে ৬৫৪৯.৯৬০ মে: টন। আতপ চালের কোন সংগ্রহ নাই। তিনি জানান ফুলতলা উপজেলায় ধান সংগ্রহের লক্ষমাত্রা ছিল ৬০৮.০০০ মে:টন, সংগ্রহ করা হয়েছে ৪৩৫.০০০ মে:টন অবশিষ্ট আছে ১৭৩.০০০ মে:টন। দিঘলিয়া উপজেলার ধান সংগ্রহের লক্ষমাত্রা ছিল ৭২০.০০০ মে: টন, সংগ্রহ করা হয়েছে ২১৬ মে: টন, অবশিষ্ট আছে ৫০৪.০০০ মে: টন, মোট সংগ্রহের লক্ষমাত্রা ছিল ১৩২৮.০০০ মে:টন, সংগ্রহ হয়েছে ৬৫১.০০০ মে:টন অবশিষ্ট আছে ৬৭৭.০০০ মে:টন। এছাড়া তিনি জানান এলএসডিতে সংগ্রহের স্বার্থে জরুরী ভিত্তিতে ডানেজ, খালিবস্তা ও খালি জায়গা প্রয়োজন। এছাড়া নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর সংস্কার ও সিসি টিভি ক্যামেরা বৃদ্ধির প্রয়োজান। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২১ | উপজেলা তথ্য আপা | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান সেপ্টেম্বর ২০২২ মাসে ডোর টু ডোর যেয়ে ৭০০ জন সেবাগ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যভিত্তিক সেবা প্রদান করা হয় ২০০ জন কে এবং উঠান ভিত্তিক সেবা প্রদান করা হয় ২০০ জন কে গ্রহিতাকে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা তথ্য আপা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | ইউনিয়ন পরিষদ | ক) ইউপি চেয়ারম্যান ফুলতলা ইউপি জানান যে, বেজেরডাঙ্গা বাজার থেকে ভৈরব নদী পর্যন্ত এলাকার পানি যে পথে অপসারন হতো তা এখন আইয়ান ও ফাইভস্টার জুট মিল বালু ফেলে ভরাট করার জন্য ঐ এলাকায় এখন জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে এবং এলাকার মানুষের দুর্ভোগ পহাতে হচ্ছে। তিনি জানান এ নিয়ে অনেকবার বসাবসি করে কোন ফল হয় না তবে ফাইভস্টার জুট মিলের মালিক আমাকে বলেছে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার কে নিয়ে আমরা বসতে পারলে আলোচনা সাপেক্ষে সমাধান করা সম্ভব হতো। তিনি জানান বেজেরডাঙ্গা জিসি সড়ক হতে ভৈরব নদী পর্যন্ত পানি অপসারনের জন্য ড্রেন নির্মাণ করতে হবে যার ব্যয় হবে আনুমানিক ৩/৩.৫ কোটি টাকা। এই প্রকল্প বাস্তবায়নের জন্য আমাদেরকে বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র দিতে হবে বাকি ব্যবস্থা আমি করব। ফুলতলা ইউপি চেয়ারম্যান আরও জানান ফুলতলা বাজার গার্লস স্কুলের পাশ দিয়ে যে রাস্তা হচ্ছে তা খুবই নিম্নমানের সামগ্রী দিয়ে । তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য সভায় প্রস্তাব করেন। ইউপি চেয়ারম্যানবৃন্দ সকলে বাংলা ১৪২৮ সালের আন্তঃ জেলা খেয়াঘাটের টাকা বিভাজন করে দেয়ার জন্য সভায় প্রস্তাব করেন। কারন আন্তঃ জেলা খেয়াঘাটের টাকা দিয়ে চৌকিদারদের সম্মানী ভাতা দিতে হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার ইউপি চেয়ারম্যানদের কে আন্তঃ জেলা খেয়াঘাটের টাকা থেকে ০২ টি করে খেয়াঘাট সংস্কার/উন্নয়ন প্রকল্পের প্রস্তাব পাঠানোর প্রস্তাব করেন। তাঁরা দুইজনে জানান খেয়াঘাট সংস্কার/উন্নয়ন প্রকল্প পেলে আমরা সেঅনুযায়ী টাকা বিভাজন করব।<br><br>খ) চেয়ারম্যান আটরা গিলাতলা ইউপি সভায় জানান যে, আটরা গিলাতলা ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডে ক্যান্টনমেন্টের মধ্যে যে ড্রেনটি আছে তা বন্ধ থাকায় ২/৩ টি এলাকার মানুষ পানি বন্ধি হয়ে যাচ্ছে। বৃষ্টির সময় এই এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে এবং এলাকার মানুষ অনেক কষ্টে দিন কাটাচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার এই সমস্যার স্থায়ী সমাধান কি জানতে চাইলে উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান স্থায়ী সমাধান গিলাতলা ক্যান্টনমেন্ট থেকে ভৈরব নদী পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ করতে হবে। তিনি জানান গত বছর আমরা উপজেলা পরিষদ হতে এবং ইউনিয়ন পরিষদের মাধ্যমে অনেকটা ড্রেন নির্মাণ করেছি কিন্তু শেষ না করতে পারলে এর স্থায়ী সমাধান আসবে না। এ ড্রেন শেষ করতে এখনো প্রায় ৪০/৫০ লক্ষ টাকার প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার জানান চলতি অর্থ বছরে যেহেতু আর কোন সুযোগ নাই আমারা আগামীতে এই প্রকল্প তো আমরা জাইকার অর্থে করতে পারি। সভায় উপস্থিত সকলে উক্ত প্রস্তাবে একমত পোষন করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং আমি উক্ত প্রকল্পের বাস্তব অবস্থা দেখে সিদ্ধান্ত গ্রহন করব মর্মে সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে বেজেরডাঙ্গা জিসি সড়ক হতে ভৈরব নদী পর্যন্ত পানি অপসারনের জন্য ড্রেন নির্মানের বিষয়ে বরাদ্দ চেয়ে পত্র প্রেরন এবং ফুলতলা বাজার গার্লস স্কুলের পাশ দিয়ে যে রাস্তা হচ্ছে তার অনিয়ম বন্ধের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>খ) বিস্তারিত আলোচনান্তে গিলাতলা ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডে ক্যান্টনমেন্টের মধ্যের ড্রেনটি নির্মাণের বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল)<br>ও<br>উপজেলা পরিষদ<br>এবং<br>উপজেলা প্রকৌশলী |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

শেখ আকরাম হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।

স্মারক নং: উপঃপরিঃফুলঃখুলঃ ২২-১৭(৩০)

তারিখ: ১১-০৮-২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক, খুলনা।
৬। চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
৭। উপজেলা .............................. কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
৮। চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা, ইউপি, ফুলতলা, খুলনা।
৯। অফিস নথি।

মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।

# উপজেলা পরিষদের নভেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব শেখ আকরাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।

স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময়ঃ ১০-১১-২০২২খ্রি. বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত অক্টোবর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এর পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি জানান অক্টোবর ২০২২ মাসের সভার রেজুলেশন পাঠ করে শুনান এবং তা অনুমোদনের প্রস্তাব করেন। তিনি জানান আগামী ডিসেম্বর মাস বিজয়ের মাস ১৬ ই ডিসেম্বর জাতীয় বিজয় দিবসে আমাদের করনীয় বিষয়গুলির উপর পূর্ব প্রস্তুতি নেয়ার জন্য সকলে আহব্বান জানান। তিনি এবছর ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবসটি মহা ধুমধামের সাথে পালন করতে চান বলে অভিমত ব্যক্ত করেন। তিনি সভায় উপস্থিত সকলের শারিরীক সুস্থতা কামনা করেন। তিনি জানান চলতি ২০২২-২৩ অর্থ বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের উন্নয়ন প্রকল্প গ্রহনের কাজ চলমান রয়েছ এবং দ্রুতই তা বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান, মুজিব শতবর্ষ উপলক্ষে ফুলতলা উপজেলায় ১ম পর্যায়ে ৪০ জন, ২য় পর্যায়ে ০৬ জন এবং ৩য় পর্যায়ে ১ম ধাপে ০৪ জন ভূমিহীন ও এছাড়া তৃতীয় পর্যায়ে ২য় ধাপে ৭৭ জন ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবারকে পূর্নবাসন করা হয়েছে। তিনি জানান ৪র্থ পর্যায়ে আমরা ১২৫ জন ভূমিহীনের তালিকা চুড়ান্ত করে তাদের মধ্যো থেকে আমার ৯০ জন ভূমিহীনকে পুর্নবাসনের জন্য দামোদর ইউনিয়নে আলকা মৌজায় ২৬৬.১১ শতক জমি ক্রয় করেছি। তিনি জানান বর্তমানে আলকা মৌজায় ৭০ টি পরিবারকে পুর্নবাসনের জন্য গৃহ নির্মাণের কাজ চলমান আছে তিনি গৃহ নির্মাণের সার্বিক খোজ খবর রাখার জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে এ বছর ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবসটি মহা ধুমধামের সাথে পালন করার বিষয়ে সকলে সচেতন থাকবেন এবং মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা স্লোগান বঙ্গবন্ধুর বাংলায় আর একটি লোকও ভূমিহীন ও গৃহহীন থাকবে না বাস্তবায়নের লক্ষ্যে ৪র্থ পর্যায়ে গৃহনির্মাণে সকলে তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান বর্তমানে করোনা ভাইরাস এর নতুন ধরন দেখা দিচ্ছে কিন্তু ফুলতলা উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে এখনও পর্যন্ত কোন নতুন রোগী পাওয়া যায়নি। তিনি সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস প্রতিরোধের জন্য বুষ্টার ডোজ ভ্যাক্সিন দেয়ার কার্যক্রম চলমান রয়েছে। ইপিআই কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া হাসপাতালের অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ফুলতলা উপজেলায় অক্টোবর ২০২২ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ২৮৪৪৮ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ২২৬৭৪ জন, গ্রহণকারীর হার ৭৯.৭০%, স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর হার ০৫%, আইইউডি গ্রহণকারীর হার ২৪%, ইমপ্লানন গ্রহণকারীর হার ৩৪%, ইনজেক্টেবলস ৭২৩ জন। মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৭০৮ জন, অক্টোবর ২০২২ মাসে বাচ্চা ডেলিভারী সংখ্যা ১১৫ জন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আরও জানান যে, পরিবার পরিকল্পনা স্থায়ী পদ্ধতি গ্রহণে প্রতিবারের ন্যায় এবার ও প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং তা বাস্তবায়ন ও করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন প্রজনন স্বাস্থ্য সেবা সহ সকল স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিঃপরিঃকর্মকর্তা |
| ৪ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলাতে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আধুনিক জাতের ও প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়নের জন্য চলতি মাসে ৬০ জন কৃষক/কৃষাণীর প্রশিক্ষন সমাপ্ত করা হয়েছে। এর ফলে এলাকায় নতুন জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। মাঠে সবজি ফসলের আবাদ ও উৎপাদন বেড়েছে ৩০% যার ফলে স্থানীয় হাট বাজারে নতুন নতুন সবজিতে ভরপুর। সাধরন জনগনের ক্রয় ক্ষমতার মধ্যে থাকায় জনসাধারন চাহিদার অতিরিক্ত সবজি খেতে পারছে। সবজি ফসলের হাইব্রিড জাতের আবাদ প্রায় ৮০% বৃদ্ধি পাওয়ায় উৎপাদন বেড়েছে প্রায় ৩-৪ গুন। তিনি জানান এবছরে সরকারের প্রণোদনা কর্মসূচীর আওতায় ৩০০ বিঘা জমির প্রণোদনার জন্য ৩০০ জন ক্ষুদ্র প্রান্তিক চাষীদের মধ্যে বিনা মূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে এবং প্রনোদনার মাঠে প্রযুক্তিগতভাবে বাস্তবায়ন হয়েছে। মাঠে বাস্তবায়িত কর্মসূচীর ফসলের আবাদ ও উৎপাদন বেড়েছে সন্তোষজনক হারে। তিনি জানান মাটির স্বাস্থ্য রক্ষায় জৈব সার (ভার্মি কম্পোষ্ট,খামারজাত সার) এর উৎপাদন দিন দিন বাড়ছে। ফুলতলায় ভার্মি/কেচোসারের ব্যাপক উৎপাদন হচ্ছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | উপজেলা মৎস্য অফিস | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, নিরাপদ মাছে ভরবো দেশ বদলে দেব বাংলাদেশ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ফুলতলা উপজেলায় বর্নাঢ্য ও সফলভাবে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপিত হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি উল্লেখ করেন যে, ২০২১-২২ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরের রাজস্ব বরাদ্দের আওতায় জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদানের নিমিত্তে অত্র উপজেলায় ৭০ জন জেলের তালিকা উপজেলা কমিটি কর্তৃক চুড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। এছাড়া তিনি জানান যে, গত ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল কার্যক্রম শতভাব সম্পন্ন হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, গত ২৬ শে জুলাই ২০২২ তারিকে ফুলতলা উপজেলা মৎস্য অীফসের উদ্যোগে উপজেলা প্রশাসন এবং থানা পুলিশের সহযোগিতায় অবৈধ জালের বিরুদ্ধে জামিরা বাজারে অভিযান পরিচালনা করা হয় এবং মোবাইল কোটের মাধ্যমে একজন ব্যবসায়ীকে ৫,০০০/= টাকা জরিমানাসহ প্রায় ১০,০০০ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দপূর্বক তা বিনষ্ট করা হয়। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা মৎস্য কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নিয়মিত মোবাইল কোট পরিচালনা অব্যাহত রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান তার দপ্তেরর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, অক্টোবর ২০২২ মাসে ২,৩৯৪ টি গবাদী পশু ও ৩৯,০০০ টি হাঁস-মুরগীর রোগ প্রতিশেধক টিকা প্রদান করা হয়েছে। ১৫৪৫ টি গবাদিপশু ও ১০৪০০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৯৫ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে এঁড়ে ১১৩ টি এবং বকনা ৮০ টি বাচ্চা উৎপাদন করা হয়েছে। জুলাই ২০২২ মাসে টিকা বিক্রি এবং কৃত্তিম প্রজোনন ফি বাবদ মোট = ১৭,৮৯৫/= টাকা রাজস্ব আদায় হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে টি-আর, কাবিখা এবং সকল কার্যক্রম যথাসময়ে শেষ করতে পেরেছি। চলতি ২০২২-২৩ অর্থ বছরে টি-আর কাবিখার বরাদ্দ পাওয়া গেছে এবং তা বিভাজন করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট হতে প্রকল্প তালিকা নিয়ে কাজ শুরু করা হয়েছে দ্রুত কাজ শেষে হবে। এব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, অত্র কার্যালয়ে অক্টোবর ২০২২ মাসে পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) এর আওতায় ক্ষুদ্র ঋণ ৩,০১,১০০/= টাকা আদায় হয়েছে। উক্ত মাসে ৩,৭০,০০০/= টাকা ১৫ টি পরিবারের মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। তিনি জানান অক্টোবর ২০২২ মাসে ১০ জন প্রতিবন্ধিকে "সুবর্ণ নাগরিক" হিসেবে পরিচয়পত্র প্রদান করা হয়েছে। ভাতাভোগীদের সমস্যাজনিত নম্বর গুলো সংশোধন করা হয়। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ই-প্রাইমারিতে প্রদানকৃত শিক্ষকদের তথ্য যাচাই ও পরিবর্তন। IPEMIS, সার্ভারে সকল বিদ্যালয় এবং শিক্ষকদের তথ্য এন্ট্রি। PIPMIS সার্ভারে সকল বিদ্যালয়ের ছবি আপলোড। শিশুদের উপবৃত্তির জন্য ডাটা এন্ট্রি, ডাটা যাচাই ও অনুমোদন। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয়ের এন্ট্রিকৃত শুমারী তথ্য এবং শিক্ষকদের তথ্য যাচাই ও অনুমোদন। সকল শিক্ষকদের GPF কর্তন এন্ট্রি করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ফুলতলা উপজেলার ০৪ টি ইউনিয়নে ভিজিডি উপকারভোগীর সংখ্যা মোট ২৩০৫ জন, ফুলতলা ইউনিয়নে ০১ জন ভাতাভোগী মৃতুবরণ করায় ভিজিডির উপকারভোগীর সংখ্যা এখন ২৩০৪ জন। ০৪ টি ইউনিয়নে উপকারভোগীদের মাঝে প্রতি মাসে ৩০ কেজি প্যাকেটজাত চাল বিতরণে কার্যক্রম চলমান আছে। তিনি জানান উপজেলায় মোট মাতৃত্বকালীন ভাতাভোগীর সংখ্যা ৫৮০ জন চলমান। প্রতিজন উপকারভোগী মাসে ৮০০/=টাকা যা উপকারভোগীদের স্ব স্ব হিসাবে স্থানান্তরিত হয়। ২০২১-২২ অর্থ বছরে মাতৃত্বকালীন ভাতার কোন বরাদ্দ এখনো পাওয়া যায়নি। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে এ মাসে ১০ টি উঠান বৈঠক করা হয়েছে। তিনি জানান উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষন প্রকল্প ০২ টি ব্যাচে ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং (২৫+২৫) মোট= ৫০ জনের প্রশিক্ষন চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | উপজেলা যুবউন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কাযক্রম স্বাভাবিকভাবে চলছে। অপ্রাতিষ্ঠানিক ৩৪ টি ট্রেডে ও স্থানীয় চাহিদা মোতাবেক প্রশিক্ষন দেওয়া হয়। এছাড়াও আমাদের জেলা যুব প্রশিক্ষন কেন্দ্রে ৩/৬ মাসের ও ১ বছরের বিভিন্ন মেয়াদে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন দেয়া হয়। আত্নকর্মসংস্থান কর্মসূচীতে ব্যক্তিগত ঋণ প্রদান করা হয় ৪০,০০০-১,০০,০০০/= টাকা পর্যন্ত এবং উদ্যেক্তা ঋণ ৩,০০,০০০-১,০০,০০০/=টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। পরিবার ভিত্তিক কর্মসূচীতে পরিবারের ৩/৫ জন ঋণ নিতে পারে। ০৫ জন সদস্যের সমন্বয়ে ১০ টি গ্রুপ করে এ কর্মসূচীতে এক সাথে ৫০ জনকে ঋণ প্রদান করা যায়। প্রতিমাসে ০৭ জনকে কর্মসৃজনে সহযোগিতা করা হয়। ক্লাব সংগঠনের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা প্রকৌশল দপ্তর | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় খুলনা জেলার ফুলতলা উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন এর Foundation ডিজাইন প্রেরন করেছেন। উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনটির কাজ করার পূর্বে পুরাতন ভবনটি নিলাম করা প্রয়োজন। তিনি ভবন নিলামের জন্য উক্ত ভবনের প্রাক্কলন প্রস্তুত করেছেন। তিনি জানান উপজেলা কমপ্লেক্স ভবনটির ভাঙ্গাসহ প্রাক্কলিত মূল্য ধরা হয়েছে =৮,৫০,২৫৯/৪০ টাকা। তিনি আরও জানান উপজেলা কমপ্লেক্স ভবনের সাথে উপজেলা পরিষদের শহীদ হাবিবুর রহমান মিলনায়তনটি/হলরুম টি একই সাথে নতুন করে সম্প্রসারিত হবে এবং তা নতুন করে নির্মাণ করা হবে। তিনি বলেন হলরুমটি নতুনভাবে করতে হলে পুরাতন হলরুমটি একই নিয়মে নিলাম করতে হবে। তিনি হলরুম নিলামের জন্য প্রাক্কলন প্রস্তুত করেছেন। তিনি জানান উপজেলা পরিষদের হলরুমের ভাঙ্গা খরচসহ প্রাক্কলন ধরা হয়েছে =৪,৫১,৭৩৩/২০ টাকা। তিনি সভায় প্রাক্কলন টি অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br><br>খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দ পাওয়া গেছে এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহন করার জন্য প্রস্তাব করা হয়েছে। তিনি জানান প্রকল্প তালিকা প্রায় সকলে দিয়েছে এখন তা যাচাই বাছাই করা হবে এবং দ্রুতই কাজ শুরু করা হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন এবং উপজেলা পরিষদের শহীদ হাবিবুর রহমান মিলনায়তনটি/হলরুম টির প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উপজেলা প্রকৌশলী তা নিলামের পরবর্তী পয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে চলতি ২০২২-২৩ অর্থ বছের বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বরাদ্দের আলোকে প্রাপ্ত প্রকল্প গুলি দ্রুত যাচাই বাছাই এবং এর প্রাক্কলন করে কাজ শুরু করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৩য় পর্ব) পানির উৎস স্থাপন কার্য চলমান। তিনি জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প চলতি অর্থ বছরে ফুলতলা উপজেলাতে ১০৪ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। পিইডিপি-৪: এই প্রকল্পের আওতায় ০৫ টি ওয়াশব্লক এর কাজ শেষ হয়েছে। চলমান ও পানির উৎস স্থাপন কাজ চলমান। কমিউনিটি বেজ টিউবওয়েল এর দরপত্র আহব্বাহ কার্যাদেশ সম্পন্ন হয়েছে। তিনি জানান মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন-২ প্রকল্পের ফুলতলা উপজেলার ভূমিহীনদের ঘরের স্থানে মোট ১৮ টি টিউবয়েল বরাদ্দ পাওয়া গেছে তার কাজ সম্পন্ন হয়েছ। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ২০২১-২২ সালে নিবন্ধন প্রাপ্ত ০৮ টি অকার্যকর ( নিস্ক্রিয়) সমবায় সমিতি ব্যতিরেকে মোট ৭৪ টি প্রাথমিক সমবায় সমিতির ২০২০-২১ সমবায় বর্ষের বার্ষিক নিরীক্ষা বরাদ্দ এবং নিরিক্ষা কার্যক্রম শুরু হয়েছে, যা বিধি মোতাবেক আগামী ৩১ মার্চ ২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে শতভাগ সম্পাদন করতে হবে। এছাড়া ২০২০-২১ সালের ধার্যকৃত নিরীক্ষা ফি (অডিট ফি) যা সরকারী রাজস্ব প্রাথমিক (সাধারন) ৫৫,৩১০/=টাকা এবং কেন্দ্রীয় (পউব) ১৮,৫২০/= টাকা সহ মোট ৭৩,৮৩০/= টাকা ১০০% আদায় সম্পন্ন হয়েছে। এছাড়া ২০২০-২১ সালের ধার্যকৃত সমবায় সমিতির নীট লাভ হতে সৃষ্ঠ ৩% সমবায় উন্নয়ন তহবিল এর পরিমাণ প্রাথমিক (সাধারন ১৬,৫০৬/= টাকা ও কেন্দ্রীয় (পউব) ৫,৫৫৪/=টাকা সহ মোট ২২,০৬০/=টাকা ৩০ শে জুন ২০২২ খ্রি. তারিখের মধ্যে ১০০% আদায় সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা সমবায় অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, পল্লী উন্নয়ন দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান তার দপ্তরের ঋণ আদায়ের হার সন্তুষ্টিজনক বর্তমানে কিছু সার্টিফিকেট মামলা পূর্বে দেয়া ছিল সেগুলো পুনরায় তাগাদা দিলে খেলাপী ঋণ আদায়ে সহায়ক হবে। নতুন কিছু সার্টিফিকেট মামলা দেবার জন্য প্রস্তুতি চলছে। অত্র দপ্তরে ৮০ জন সুফল ভোগীদের আইজিএ ভিত্তিক প্রক্ষিক্ষন প্রদান করা হয়েছে। তিনি জানান সরকারী পাওনা ঋণ আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও পরিষদের সহযোগিতায় প্রশংশনীয়। সরকারী পাওনা আদায়ে অত্র দপ্তরের জোরালো প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কিছু মরা গাছ / কাটা গাছ রয়েছে এই গাছ গুলি নিলামে বিক্রয় করার জন্য যে সকল ব্যবস্থা করা প্রয়োজন তা করে দ্রুত গাছগুলি অপসারনের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। তিনি জানান নিয়মিত করাত কলের উপর মোবাইকোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা বন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা /২০২২ এবং জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ রচনা প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। অত্র উপজেলায় ১৫৫১৫ জন শিক্ষার্থীর মধ্যে ১৫২৪০ জন শিক্ষার্থীকে কোভিড -১৯ এর ২য় ডোজ ভ্যাকসিন দেয়া হয়েছে এবং সকল শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন সম্পন্নপূর্বক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরনের কাজ চলমান রয়েছে। তিনি জানান সকল শিক্ষার্থীর ইউনিক আইডির কাজ ও চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, আগামী ডিসেম্বর ২০২২ মাসের প্রথম সপ্তাহে শারিরীক চিকিৎসার জন্য ভারতের চেন্নাইতে যাব। তিনি স্থানীয় সরকার উপজেলা পরিষদ আইন অনুযায়ী ছুটিকালীন সময়ে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে প্যানেল চেয়ারম্যানের দায়িত্ব পালন করার জন্য কেএম জিয়া হাসান তুহিন, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনার নাম সভায় প্রস্তাব করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে এসময়ে পরিষদের দিকে খেয়াল রাখার জন্য অনুরোধ জানান এবং উপস্থিত সকলের কাছে তার শারিরীক সুস্থ্যতার জন্য দোয়া কামনা করেন | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান এর শারিরীক অসুস্থ্যতার জন্য উপস্থিত সকলে দোয়া ও সুস্থ্যতা কামনা করেন এবং তার ছুটিকালীন সময়ে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে প্যানেল চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন কেএম জিয়া হাসান তুহিন ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ফুলতলা খুলনা প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| ১৯ | আমার বাড়ি আমার খামার | আমার বাড়ি আমার খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার দপ্তরের ঋন কার্যক্রম চলমান আছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক। খেলাপী ঋণ আদায়ে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকলক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি অর্থ বছরের জুন মাসে খাদ্য মজুদ আছে বরো সিদ্ধ চাল মজুদ নাই, আমন সিদ্ধ চাল ১৪৩৫.৬১৫ মে: টন। আমদানীকৃত সিদ্ধ চাল নাই, বরো আমদানীকৃত সিদ্ধ চাল ১৩৮৩.৭৫০ মে:টন সর্ব মোট ২৮১৯.৩৬৫ মে:টন। ধান বরো ২০২২ ৬৫১.০০০ মে:টন, গম আমদানীকৃত ৪.৩৪৮ মে:টন। তিনি জানান ফুলতলা উপজেলায় ধান সংগ্রহের লক্ষমাত্রা ছিল ৬০৮.০০০ মে:টন, সংগ্রহ করা হয়েছে ৪৩৫.০০০ মে:টন অবশিষ্ট আছে ১৭৩.০০০ মে:টন। দিঘলিয়া উপজেলার ধান সংগ্রহের লক্ষমাত্রা ছিল ৭২০.০০০ মে: টন, সংগ্রহ করা হয়েছে ২১৬ মে: টন, অবশিষ্ট আছে ৫০৪.০০০ মে: টন, মোট সংগ্রহের লক্ষমাত্রা ছিল ১৩২৮.০০০ মে:টন, সংগ্রহ হয়েছে ৬৫১.০০০ মে:টন অবশিষ্ট আছে ৬৭৭.০০০ মে:টন। এছাড়া তিনি জানান এলএসডিতে সংগ্রহের স্বার্থে জরুরী ভিত্তিতে ডানেজ, খালিবস্তা ও খালি জায়গা প্রয়োজন। এছাড়া নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর সংস্কার ও সিসি টিভি ক্যামেরা বৃদ্ধির প্রয়োজান। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২১ | উপজেলা তথ্য আপা | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান অক্টোবর ২০২২ মাসে ডোর টু ডোর যেয়ে ৭০০ জন সেবাগ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যভিত্তিক সেবা প্রদান করা হয় ২০০ জন কে এবং উঠান ভিত্তিক সেবা প্রদান করা হয় ২০০ জন কে গ্রহিতাকে। এছাড়া তার দপ্তরের অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | ইউনিয়ন পরিষদ | ইউপি চেয়ারম্যানবৃন্দ জানান তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান আটরা গিলাতলা ইউপি সভায় জানান যে, আটরা গিলাতলা ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডে ক্যান্টনমেন্টের মধ্যে যে ড্রেনটি আছে তা বন্ধ থাকায় ২/৩ টি এলাকার মানুষ পানি বন্ধি হয়ে যাচ্ছে। বৃষ্টির সময় এই এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে এবং এলাকার মানুষ অনেক কষ্টে দিন কাটাচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার এই সমস্যার স্থায়ী সমাধান কি জানতে চাইলে উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান স্থায়ী সমাধান গিলাতলা ক্যান্টনমেন্ট থেকে ভৈরব নদী পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ করতে হবে। তিনি জানান গত বছর আমরা উপজেলা পরিষদ হতে এবং ইউনিয়ন পরিষদের মাধ্যমে অনেকটা ড্রেন নির্মাণ করেছি কিন্তু শেষ না করতে পারলে এর স্থায়ী সমাধান আসবে না। এ ড্রেন শেষ করতে এখনো প্রায় ৪০/৫০ লক্ষ টাকার প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার জানান চলতি অর্থ বছরে যেহেতু আর কোন সুযোগ নাই আমারা আগামীতে এই প্রকল্প তো আমরা জাইকার অর্থে করতে পারি। সভায় উপস্থিত সকলে উক্ত প্রস্তাবে একমত পোষন করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং আমি উক্ত প্রকল্পের বাস্তব অবস্থা দেখে সিদ্ধান্ত গ্রহন করব মর্মে সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে গিলাতলা ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডে ক্যান্টনমেন্টের মধ্যের ড্রেনটি নির্মাণের বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) ও উপজেলা পরিষদ |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

শেখ আকরাম হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।

স্মারক নং: উপঃপরিঃফুলঃখুলঃ ২২-২৩(৩০)

তারিখ: ১০-১১-২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক, খুলনা।
৬। চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
৭। উপজেলা ............................... কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
৮। চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা, ইউপি, ফুলতলা, খুলনা।
৯। অফিস নথি।

মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।